আজকের কাগজ

127

তারিখ ... 24 OCT 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৬ ...

৩৪

# ঢা. বি. অফিসাররা তাদের কর্মবিরতি স্থগিত করেছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন তাদের ৭ দিনব্যাপী পূর্ণ কর্মবিরতির কর্মসূচি গতকাল বুধবার বেলা ১টা থেকে স্থগিত করেছে।

গতকাল সকালে ছাত্র-শিক্ষক কেন্দ্রে আয়োজিত এসোসিয়েশনের এক বিশেষ সাধারণ সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এসোসিয়েশনের ১৩ দফা দাবির যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষা করে সুপারিশমালা প্রণয়ন সংক্রান্ত কমিটির রিপোর্ট আগামী ২৭ অক্টোবর অনুষ্ঠিতব্য সিন্ডিকেটের সভায় বিবেচনার জন্যে আলোচ্যসূচিভুক্ত হওয়ায় এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ থেকে উপ-উপাচার্য ও দু'জন সিন্ডিকেট সদস্যের অনুরোধক্রমে এসোসিয়েশন এ সিদ্ধান্ত গ্রহণ করে।